ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক
আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

মঙ্গলবার | ১৬ আগস্ট ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৩৩০ সংখ্যা | ১ ভাদ্র ১৪২৯ সাল | ১৭ মহররম ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ভার্সিটিতে অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ড. অনুপম সেন –আজাদী*

# বিশ্ব-ইতিহাসে বঙ্গবন্ধুর খুনিরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে : ড. অনুপম সেন

**আজাদী প্রতিবেদন**

বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্য দিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি।

সপ্তাহব্যাপী 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনীরও আয়োজন করা হয় গতকাল। বিকেল ৩টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্রের পরিচালক সৈয়দ সাবাব আলী আরজু। ট্রেজারার ও 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর একেএম তফজল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ সময় প্রফেসর ড. অনুপম সেন বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়েছে। তাই আগস্ট হলো বাংলার আকাশ-বাতাস ও প্রকৃতির অশ্রুসিক্ত হওয়ার মাস। পাকিস্তানপন্থি একদল দুর্বৃত্ত সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা করে বাংলাদেশকে করেছে কলঙ্কিত। এই কলঙ্ক অমোচনীয়। বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে। তিনি বঙ্গবন্ধুর আন্দোলন-সংগ্রামের ইতিহাস বর্ণনা করেন। তিনি আরও বলেন, ১৯৭৫ সালে পাকিস্তানপন্থী-প্রতিক্রিয়া-শক্তি পাকিস্তান-ফেরত সামরিক ও বেসামরিক আমলাতন্ত্রের সাহায্য নিয়ে বঙ্গবন্ধুকে কেবলমাত্র সপরিবারে হত্যাই করেনি, একই সঙ্গে বাংলাদেশকেও পশ্চাদমুখী প্রতিক্রিয়ার অন্ধকারে নিয়ে যেতে সক্ষম হয়। এই প্রতিক্রিয়াচক্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের সব মহতী-অর্জন ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র, গণতন্ত্র ও বাঙালি জাতীয়তাবাদকে গণমানুষ ও গণজীবন থেকে সম্পূর্ণরূপে মুছে ফেলতে প্রচেষ্টা চালায়। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, বিশ্বের গুটিকয়েক স্বাধীনতা অর্জনকারী দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। বঙ্গবন্ধু স্বাধীন দেশ হিসেবে বাংলাদেশের নাম ইতিহাসে সোনার হরফে লিখে গেছেন। প্রবাদ আছে, স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন। আমরা দেখছি, বঙ্গবন্ধুকন্যা দেশরত্ন শেখ হাসিনা সেই স্বাধীনতা রক্ষার কাজটি করে চলেছেন। বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী বলেন, হাজার বছরের সাধনা ও সংগ্রামের ফসল স্বাধীন বাংলাদেশ। ক্ষুদিরাম ও সূর্য সেন থেকে শুরু করে অনেক মহামানব ধাপে ধাপে এই স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়েছেন। বঙ্গবন্ধু ১৯৪৭ থেকে ধারাবাহিক সংগ্রামের মাধ্যমে ১৯৭১ সালে স্বাধীনতার ডাক দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন করেন। অতিথির বক্তব্যে সৈয়দ সাবাব আলী আরজু তার পরিচালনায় নির্মিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র নির্মাণের ইতিহাস বর্ণনা করে বলেন, এই তথ্যচিত্র নির্মাণের জন্য বিভিন্ন দেশের আর্কাইভ ও পত্র-পত্রিকা থেকে প্রচুর তথ্য সংগ্রহ করা হয়েছে। সভাপতির বক্তব্যে ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বাংলাদেশের প্রতি বঙ্গবন্ধুর ভালোবাসা ছিল অন্তহীন। মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধু যখন পাকিস্তানের কারাগারে ছিলেন, তখন তাদের বলেছিলেন, তোমরা যদি আমাকে হত্যা কর, তবে আমার লাশটি বাংলাদেশে পাঠিয়ে দিও। বাংলাদেশের স্বার্থে তিনি মৃত্যুকেও পরোয়া করেননি। অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শেষে সৈয়দ সাবাব আলী আরজু পরিচালিত ও সৈয়দ আশিক রহমান প্রযোজিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

Ref: Daily Azadi, Date: 16 Aug 2022, Page: 2, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-08-16




চট্টগ্রাম মঙ্গলবার ১৬ আগস্ট ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৭তম বর্ষ ১৭৪ তম সংখ্যা ।। ১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ ।। ১৭ মহররম ১৪৪৪ হিজরি ।। Tuesday 16 August 2022 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী

প্রিমিয়ার ইউনিভার্সিটি : প্রতিষ্ঠানের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে এবং সপ্তাহব্যাপী 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ উপলক্ষে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউ-নিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্রের পরিচালক সৈয়দ সাবাব আলী আরজু। ট্রেজারার ও 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর একেএম তফজল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. অনুপম সেন। অনুষ্ঠান ছাড়াও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শেষে সৈয়দ সাবাব আলী আরজু পরিচালিত ও সৈয়দ আশিক রহমান প্রযোজিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

Ref: Daily Purbokone, Date: 16 Aug 2022, Page: 4, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-08-16

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

মঙ্গলবার
চট্টগ্রাম
১৬ আগস্ট ২০২২
১ ভাদ্র ১৪২৯
১৭ মহররম ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-২৩৩

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

▶ শুভ সকাল
মূল্যবান খনিজ আহরণে নজর পেট্রোবাংলার

▶ দশ কথার এক কথা
বঙ্গবন্ধু জাতিকে শক্ত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করেছেন: পররাষ্ট্রমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

| ▶ চট্টগ্রামে শনাক্ত | মৃত্যু |
|---|---|
| ১,২৮,৬৬৮ | ১,৩৬৯ |

▶ শেষ পাতায়
শিশুদের টিকা দেয়া হবে নির্ধারিত স্কুলে : স্বাস্থ্যমন্ত্রী



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে চলচ্চিত্র প্রদর্শনীর শেষ দিনে বক্তব্য রাখছেন প্রফেসর ড. অনুপম সেন

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে চলচ্চিত্র প্রদর্শনী সম্পন্ন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। এই উপলক্ষে সপ্তাহব্যাপী 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনীও সম্পন্ন হয়েছে।

গতকাল সোমবার বিকেল ৩ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্রের পরিচালক সৈয়দ সাবাব আলী আরজু।

ট্রাস্টি বোর্ডের ট্রেজারার ও 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর একেএম তফজল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়েছে। তাই আগস্ট হলো বাংলার ● পৃষ্ঠা ৫, কলাম ৬.

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে

● শেষ পৃষ্ঠার পর

আকাশ-বাতাস ও প্রকৃতির অশ্রুসিক্ত হওয়ার মাস। পাকিস্তানপন্থি একদল দুর্বৃত্ত সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা করে বাংলাদেশকে কলঙ্কিত করেছে। এই কলঙ্ক অমোচনীয়। বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে।

তিনি বলেন, বঙ্গবন্ধু সুদীর্ঘ ২৩ বছর বাঙালির অধিকারের জন্য আন্দোলন করেছিলেন।

এই আন্দোলন তিনি কোনো পর্যায়েই বিসর্জন দিতে রাজি হননি, এমনকি প্রধানমন্ত্রী পদের বিনিময়েও নয়। সে-কারণেই পাকিস্তানের শাসকচক্র তাঁকে এবং বাঙালিদের স্তব্ধ করার জন্য শেষ পর্যন্ত সামরিক অস্ত্রের ভাষাই প্রয়োগ করে ১৯৭১-এর ২৫ মার্চ। নিরস্ত্র বাঙালির উপর নেমে আসে অস্ত্রের ঘৃণ্যতম আঘাত। নয় মাস নিঃশেষে প্রাণ বিলিয়ে দিয়ে, স্বাধীনতার বেদীমূলে ত্রিশ লক্ষ প্রাণ উৎসর্গ করেই বাঙালি এক মৃত্যুঞ্জয়ী সংগ্রামের মাধ্যমে অর্জন করে তার হাজার বছরের ইতিহাসের প্রথম-প্রকৃত-স্বাধীনতা।

তিনি আরও বলেন, ১৯৭৫ সালে পাকিস্তানপন্থী-প্রতিক্রিয়া-শক্তি পাকিস্তান-ফেরত সামরিক ও বেসামরিক আমলাতন্ত্রের সাহায্য নিয়ে বঙ্গবন্ধুকে কেবলমাত্র সপরিবারে হত্যাই করেনি, একই সঙ্গে বাংলাদেশকেও পশ্চাদমুখী প্রতিক্রিয়ার অন্ধকারে নিয়ে যেতে সক্ষম হয়।

এই প্রতিক্রিয়াচক্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের সব মহতী-অর্জন ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র, গণতন্ত্র ও বাঙালি জাতীয়তাবাদকে গণমানুষ ও গণজীবন থেকে সম্পূর্ণরূপে মুছে ফেলতে প্রচেষ্টা চালায়।

উল্লেখ্য, এই অনুষ্ঠান ছাড়াও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনায় দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।

শেষে সৈয়দ সাবাব আলী আরজু পরিচালিত ও সৈয়দ আশিক রহমান প্রযোজিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র প্রদর্শন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 Aug 2022, Page: 8, Col: 1
https://epurbodesh.com/index.php?date=16-08-2022&page=8

চট্টগ্রাম • মঙ্গলবার • ১৬ আগস্ট ২০২২ • ১ ভাদ্র ১৪২৯ • ১৭ মহরম ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ৩৪৬ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
এই কলঙ্ক অমোচনীয় ৩

সংবাদ ৪
সাম্প্রদায়িক শক্তির বিষদাঁত ভাঙতে হবে : নাছির



দেশগ্রাম ৫
সাতকানিয়ায় সড়কের পাশে মুরগির খামার

বিনোদন
৬ উরফিকে ব্ল্যাকমেইল করে 'আপত্তিকর' প্রস্তাব





'শোকাহত বাংলাদেশ' চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী দিনে বক্তব্য রাখছেন ড. অনুপম সেন

# এই কলঙ্ক অমোচনীয়

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়। গতকাল সপ্তাহব্যাপী 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী দিনে বিকেল ৩টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ উপলক্ষে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য বোরহানুল হাসান চৌধুরী, 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্রের পরিচালক সৈয়দ সাবাব আলী আরজু।

ট্রেজারার ও 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর একেএম তফজল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়েছে। তাই আগস্ট হলো বাংলার আকাশ-বাতাস ও প্রকৃতির অশ্রুসিক্ত হওয়ার মাস। পাকিস্তানপন্থি একদল দুর্বৃত্ত সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা করে বাংলাদেশকে করেছে কলঙ্কিত। এই কলঙ্ক অমোচনীয়। বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে। বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য বোরহানুল হাসান চৌধুরী বলেন, হাজার বছরের সাধনা ও সংগ্রামের ফসল স্বাধীন বাংলাদেশ। ক্ষুধিরাম ও সূর্য সেন থেকে শুরু করে অনেক মহামানব ধাপে ধাপে এই স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়েছেন। শেষে সৈয়দ সাবাব আলী আরজু পরিচালিত ও সৈয়দ আশিক রহমান প্রযোজিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র প্রদর্শন করা হয়। বিজ্ঞপ্তি

> 'শোকাহত বাংলাদেশ' চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী দিনে ড. অনুপম সেন

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 Aug 2022, Page: 3, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-08-16